অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/30/2025 **গভর্নর ক্যাথি হোকল**

ফার্স্ট রেস্পন্ডারদের সমর্থন করা: গভর্নর HOCHUL ফায়ারফাইটার ক্যান্সার অ্যাওয়ারনেস মান্থ চলার সময় দমকলকর্মীদের রক্ষা করার জন্য স্টেটের চেষ্টা তুলে ধরলেন

স্টেটের ডিকন্টামিনেশন প্রটোকল দমকলকর্মীদের বিষাক্ত দূষকের সংস্পর্শে আসা 85 শতাংশ কম করে

গভর্নর Hochul PFAS সহ দমকলকর্মীর গিয়ারের বিক্রি নিষিদ্ধ করার লেজিস্লেশন পেশ করেছেন যা ক্ষতিকর দূষকের সংস্পর্শে আসা কম করে এবং স্বাস্থ্য ঝুঁকি প্রশমন করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ফায়ারফাইটার ক্যান্সার অ্যাওয়ারনেস মান্থ (Firefighter Cancer Awareness Month) চলার সময় স্টেটের অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোলের (Office of Fire Prevention and Control, OFPC) প্রটোকলের চেষ্টাগুলিকে তুলে ধরলেন যার উদ্দেশ্য হলো নিউ ইয়র্কের (New York) দমকলকর্মী এবং তাদের পরিবারকে সুরক্ষা দেওয়া। গবেষণায় দেখা গেছে যে মূলত দুর্ঘটনার আগুনের ধোঁয়ায় থাকা বিষাক্ত পদার্থের বর্ধিত মাত্রার সংস্পর্শে আসার কারণে অগ্নিনির্বাপকদের সাধারণ জনগণের তুলনায় ক্যান্সারের ঝুঁকি অনেক বেশি। 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্ক স্টেটে উদীয়মান দূষক পার-অ্যান্ড পলি ফ্লুরোঅ্যালকাইল সাবস্টেন্স (per-and polyfluoroalkyl substances, PFAS) সহ দমকলকর্মীর গিয়ার বিক্রি নিষিদ্ধ করে নতুন লেজিস্লেশন ঘোষণা করেছেন যাতে নিশ্চিত করা যায় যে আমাদের দমকলকর্মীদের কাছে সর্বোচ্চ মাণের এবং সবথেকে নিরাপদ সুরক্ষা সরঞ্জাম আছে এবং একই সাথে এইসব রাসায়নিকের জনস্বাস্থ্য ও পরিবেশের উপর প্রভাব প্রশমন করা যায়।

"আমাদের স্টেটের দমকলকর্মীরা যখন পুরো নিউ ইয়র্ক স্টেটের মানুষ ও কমিউনিটিকে নিরাপদ রাখতে নিজেদের জীবন ঝুঁকিগ্রস্ত করে তখন তাদের নিরাপদ রাখা নিঃসন্দেহে অতি গুরুত্বপূর্ণ, এবং কাজের সময় তারা যেসব ক্ষতিকর বিষাক্ত পদার্থের সংস্পর্শে আসে তা থেকে তাদের সুরক্ষা দিতে আমরা আমাদের পক্ষে সম্ভব সব কিছু করতে থাকবো।" **গভর্নর Hochul (হোকল) বলেন,** "নিজেদের কমিউনিটিকে রক্ষা করতে কাজ করার সময় নিজেদেরকে রক্ষা করার জন্য প্রয়োজনীয় সকল সরঞ্জাম ও রিসোর্স যাতে আমাদের দমকলকর্মী এবং ফার্স্ট রেস্পন্ডারদের কাছে থাকে তা নিশ্চিত করার কাজ আমি চালিয়ে যাবো।"

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন, "নিউ ইয়র্কের দমকলকর্মীরা আমাদের কমিউনিটি এবং প্রিয়জনদের নিরাপদ রাখতে প্রতিদিন নিজেদের জীবন ঝুঁকিগ্রস্ত করে। কাজের সময় তারা যে কার্সিনোজেনের সংস্পর্শে আসে তা কম করতে সাহায্য করা অতি গুরুত্বপূর্ণ। তাদের সংস্পর্শে আসার ঝুঁকি কম করতে সাহায্য করা এবং নিজেদের সুরক্ষিত রাখার প্রয়োজনীয় জ্ঞান ও রিসোর্স যাতে তাদের কাছে থাকে তা নিশ্চিত করা সবসময়ের জন্যই একটি শীর্ষ অগ্রাধিকার।"

নিউ ইয়র্কের দমকলকর্মীরা এই ঝুঁকির ব্যাপারে শুধু সচেতন হবে না বরং কীভাবে নিজেদের ঝুঁকি সীমিত করবে তাও জানবে সেটি নিশ্চিত করার জন্য স্টেটের ফায়ার অফিসিয়ালরা একটি জরুরি সাড়াদানের পর দমকলকর্মীদের গিয়ার ডিকন্টামিনেট করার মৌলিক প্রটোকল তৈরি করেছেন এবং দমকলকর্মীদের মধ্যে সেগুলির ব্যবহার বাড়াতে পুরো স্টেটে ট্রেনিং ও শিক্ষা দেওয়া হচ্ছে। 2022 সাল থেকে পুরো নিউ ইয়র্ক স্টেটে 3,200-এর বেশি স্টুডেন্ট ট্রেনিং নিয়েছে।

গবেষণায় দেখা গেছে যে ফায়ার সার্ভিসের সদস্যরা টার্নআউট গিয়ার ডিকন্টামিনেশন প্রক্রিয়ার মাধ্যমে বিষাক্ত পদার্থ ও অন্যান্য কার্সিনোজেনের সংস্পর্শে আসা 85 শতাংশ পর্যন্ত কমাতে সহজ এবং সস্তা পদক্ষেপ নিতে পারবে, যেখানে আগুনের স্থানে থাকার সময় মূর্খ ও হাতে স্যানিটেশন ওয়াইপ ব্যবহার করতে হয় এবং আগুনের পর গোসল করতে হয়। একটি শিফট বা সাড়াদান করার পর স্টেশন থেকে বাড়িতে ফেরার পর অনিচ্ছায় নিজের পরিবারের জন্য এর সংস্পর্শে আসা কমানোর মাধ্যমে তাদের সুরক্ষা দিতেও এই ব্যবস্থাগুলি কাজ করে।

স্টেটের ফায়ার অফিসিয়ালরা পুরো স্টেটের কাউন্টির ফায়ার কোঅর্ডিনেটরদের সাথে কাজ করে দমকলকর্মীর দূষণ কমানো (Firefighter Contamination Reduction) এবং ক্যান্সার প্রতিরোধ (Cancer Prevention) ক্লাসের সময়সূচি স্থির করে থাকে। এই ট্রেনিং প্রোগ্রামগুলিতে স্টেটের ফায়ার ইন্সট্রাক্টররা উপস্থিত মানুষের হাতে ফায়ার ফাইটার ডিকন্টামিনেশন কিট দিয়ে থাকেন। প্রতিটি সেশনে, দমকলকর্মীরা ডিকন্টামিনেশন প্রটোকলের একটি লাইভ প্রদর্শনী দেখে, এটি একটি শিক্ষামূলক ভিডিও যেখানে দমকলকর্মীরা যেসব ঝুঁকির মুখোমুখি হয় তা বিস্তারিত বলা হয়, এবং তারা OFPC-এর কর্মীদেরকে প্রশ্ন করার একটি সুযোগ পাবে।। এই কিটগুলোতে দুর্ঘটনার সাড়াদানের ঠিক পরের ডিকন্টামিনেশন সম্পর্কে তথ্য থাকবে এবং একটি পাঁচ-গ্যালনের বালতি, আগুনের পরের ওয়াইপ, হোস, ডিটারজেন্ট, ব্রাশ এবং স্প্রে বোতলের মতো আইটেম থাকবে। 2023 সাল থেকে নিউ ইয়র্ক স্টেটের 1,100টির বেশি ফায়ার স্টেশন ডিকন্টামিনেশন কিট পেয়েছে। পাশাপাশি, ক্যান্সার সচেতনতা এবং প্রতিরোধ শিক্ষার ব্যাপারে একটি সেকশন যোগ করার জন্য OFPC তাদের সম্পূর্ণ দমকলকর্মীদের ক্লাসের রোস্টার বড় করছে।

স্টেটের ফায়ার অ্যাডমিনিস্ট্রেটর James Cable (জেমস কেবল) বলেন, "এই ট্রেনিংয়ের উদ্দেশ্য হলো দমকলকর্মীরা যে ক্যান্সারের ঝুঁকিতে থাকতে সে সম্পর্কে সচেতনতা বাড়ানো এবং নিজেদের ও নিজেদের পরিবারের জন্য এইসব ঝুঁকি কমাতে দমকলকর্মীরা যে সহজ

পদক্ষেপ নিতে পারে তা জানানো। আমাদের লক্ষ্য হলো স্টেটের প্রত্যেক ফায়ার স্টেশনের জন্য একটি ডিকন্টামিনেশন কিট দেওয়া।"

আগুনের পর যদি দমকলকর্মীর টার্নআউট গিয়ারটি সঠিকভাবে ডিকন্টামিনেট না করা হয় তাহলে দমকলকর্মীরা তাদের ফায়ারহাউস এবং বাড়িকে ক্ষতিকারক রাসায়নিক পদার্থ সংস্পর্শে আসার ঝুঁকিতে ফেলবেন, যার কারণে সহকর্মী ও পরিবারের সদস্যদের ক্ষতি হতে পারে। ন্যাশনাল ইনস্টিটিউট ফর অকুপেশনাল সেফটি অ্যান্ড হেলথের (National Institute for Occupational Safety and Health, NIOSH) করা দুইটি স্টাডি অনুযায়ী, দমকলকর্মীরা এখন সাধারণ মানুষের তুলনায় প্রায় 10 শতাংশ বেশি হারে ক্যান্সারে আক্রান্ত হচ্ছেন এবং প্রায় 15 শতাংশ বেশি হারে ক্যান্সারের কারণে তাদের মৃত্যু হচ্ছে।

এই ট্রেন্ডগুলোর বিরুদ্ধে লড়াই করার জন্য, DHSES এবং OFPC মৌলিক, সস্তা প্রটোকল তৈরি করেছে যা দমকলকর্মীদের জন্য প্রায়ই ধোঁয়াতে থাকা ক্ষতিকারক রাসায়নিকের সংস্পর্শে যাওয়া সীমিত করতে অনেক সাহায্য করবে।

সাড়াদানের সময় সংস্পর্শে আসলে, দমকলকর্মীর যা করা উচিত:

- ঘটনাস্থলেই ডিকন্টামিনেশন করা, সংস্পর্শ থেকে দূরে চলে যাওয়া, এবং যন্ত্রপাতি ও স্টেশনে যাতে দূষক যেতে না পারে তা ঠেকানো।
- ঘটনাস্থলে থাকার সময়, এক্সপোজার কমাতে আগুনের পরের ওয়াইপ ব্যবহার করা।
- যত দ্রুত সম্ভব গোসল করে পরিষ্কার কাপড় পরে নেওয়া।
- আগুনের পর পরে যন্ত্রপাতি, সরঞ্জাম এবং অ্যাপারটাস ধুয়ে ফেলা।
- আবর্জনার একটি পরিষ্কার ব্যাগের মতো ছিদ্র ছাড়া কন্টেইনারের করে গিয়ার পরিবহন করা।
- শুধু পরিষ্কার গিয়ার পরা, যার মধ্যে হুডও থাকবে।

একটি শিক্ষামূলক সেশনে যোগ দিতে বা আয়োজন করতে ইচ্ছুক দমকলকর্মীরা স্টেটের অফিস অফ ফায়ার প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোলের ট্রেনিং ক্যালেন্ডার দেখতে পারেন বা তাদের কাউন্টির ফায়ার কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করতে পারেন।

2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে, নিউ ইয়র্ক স্টেটে গভর্নর Hochul (হোকল) উদীয়মান দূষক পার-অ্যান্ড পলি ফ্লুরোঅ্যালকাইল সাবস্টেন্সসহ দমকলকর্মীর গিয়ার বিক্রি নিষিদ্ধ করে নতুন লেজিস্লেশন ঘোষণা করেছেন যাতে নিশ্চিত করা যায় যে আমাদের দমকলকর্মীদের কাছে সর্বোচ্চ মাণের এবং সবথেকে নিরাপদ সুরক্ষা সরঞ্জাম আছে এবং একই সাথে এইসব রাসায়নিকের জনস্বাস্থ্য ও পরিবেশের উপর প্রভাব প্রশমন করা যায়। নিজেদের রক্ষা করার জন্য দমকলকর্মীরা স্পেশালাইজড সুরক্ষা গিয়ারের উপর নির্ভর করে যা চরম তাপমাত্রা সহ্য করতে পারবে এবং পানি ও তেল লেগে থাকবে না এমনভাবে তৈরি করা হয়। বছরের পর বছর ধরে, এই প্রয়োজনীয় সরঞ্জামটিতে দুর্ভাগ্যবশত নতুন দূষণকারী পার- ও পলিফ্লুরোঅ্যালকাইল পদার্থসমূহ (per-and polyfluoroalkyl substances, PFAS) রয়েছে। ক্রমবর্ধমান প্রমাণগুলো PFAS এর সংস্পর্শে আসার সম্ভাব্য বিপদগুলো প্রকাশ করেছে, যা

আমাদের অগ্নিনির্বাপক কর্মীদের দীর্ঘমেয়াদি স্বাস্থ্য ও সুরক্ষা নিয়ে উদ্বেগ বৃদ্ধি করেছে, যদিও আমরা নিউ ইয়র্কের বাতাস, স্থল ও জলে এই দূষণকারী পদার্থের নির্গমন সীমিত করার জন্য কাজ চালিয়ে যাচ্ছি। লেজিস্লেশনটি 2028 সালে কার্যকর হবে।

স্টেটের অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অধিদপ্তর সম্পর্কে
সব স্টেকহোল্ডারদের নিরাপত্তা নিশ্চিত করতে সাহায্য করার জন্য দমকল কর্মী, জরুরি পরিস্থিতিতে সাড়াদানকারী, স্টেট ও স্থানীয় সরকারি সংস্থা, সরকারি ও বেসরকারি কলেজ এবং নিউ ইয়র্কের নাগরিকদেরকে অগ্নি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ অধিদপ্তর বিস্তৃত পরিসরের অপরিহার্য পরিষেবা প্রদান করে থাকে। OFPC দমকলকর্মীর প্রশিক্ষণ, শিক্ষা, আগুন প্রতিরোধ, স্পেশাল অপারেশন এবং টেকনিক্যাল উদ্ধার প্রোগ্রামের মাধ্যমে জননিরাপত্তাকে অগ্রসর করে।

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ এবং অন্যান্য জরুরি অবস্থা প্রতিরোধ, এগুলোর বিরুদ্ধে সুরক্ষা, এগুলোর জন্য প্রস্তুতি নেওয়া, এগুলোর প্রতি সাড়া প্রদান করা, এগুলো থেকে সেরে উঠা, এবং এগুলো প্রশমনের জন্য নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করছে। আরো তথ্য জানতে, ফেসবুক (Facebook)-এ আমাদের দেখুন, টুইটার (Twitter) বা ইন্সটাগ্রাম (Instagram)-এ আমাদের অনুসরণ করুন অথবা আমাদের ওয়েবসাইটে যান।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন